আজকের কাগজ

তারিখ 20 NOV 1991
পৃষ্ঠা 6 কলাম 2

52

### গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশে ক্লাস চালুর দাবি

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৩ রাউন্ড গুলি হয়েছে, দুটি ককটেল বিস্ফোরিত হয়েছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল মঙ্গলবার তিন রাউন্ড গুলিবর্ষণ ও দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এ সময় উপাচার্যের কার্যালয়ের সামনে গণতান্ত্রিক ছাত্রঐক্য'র একটি সমাবেশ চলছিলো। সমাবেশকে লক্ষ্য করে ককটেল ছোঁড়া হয় বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। এদিকে একটি বাম ছাত্র সংগঠনের দুটি গ্রুপের অন্তর্দ্বন্দ্বে গতকাল বিকেলে ঐ ছাত্র সংগঠনের একজন নেতা লাঞ্ছিত হন।

গতকাল বেলা বারোটায় গণতান্ত্রিক ছাত্রঐক্য মধুর কেন্টিন থেকে একটি মিছিল বের করে। মিছিলটি উপাচার্যের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগ (না-শ) নেতা রোকনুজ্জামান রোকন, ছাত্র ইউনিয়ন নেতা সুনীল দাস, ছাত্রমৈত্রী নেতা জিয়াউল হক জিয়া ও ছাত্র ফেডারেশন নেতা উদয় পাল। সমাবেশে নেতারা বলেন, বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সন্ত্রাসীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। নেতারা উপাচার্যের দুই নেত্রীকে তোষণ করার নীতির তীব্র সমালোচনা করেন।

বেলা সোয়া বারোটার দিকে উদয় পাল যখন সমাবেশে বক্তৃতা করছিলেন তখন প্রশাসনিক ভবন চত্বরের পশ্চিম দিকের দেয়াল সংলগ্ন এলাকায় দুটি ককটেল বিস্ফোরিত হয়। এ সময় মুহসীন হলের দিক থেকে তিন রাউন্ড গুলির শব্দ শোনা যায়। এতে কেউ হতাহত হয়নি। একটি সূত্র মতে, একটি বাম ছাত্র সংগঠনের অন্তর্দ্বন্দ্বের ফলে সমাবেশস্থলের নিকটবর্তী স্থানে ককটেল বিস্ফোরিত হয়।

কিছুক্ষণ পর বিপুলসংখ্যক পুলিশ প্রশাসনিক ভবন সংলগ্ন চত্বরে ঢুকতে গেলে ছাত্রঐক্য নেতাকর্মীরা পুলিশকে বাধা দেয়। এরপর পুলিশের সঙ্গে ছাত্রঐক্য কর্মীদের ধস্তাধস্তি হয় এবং পুলিশের ওপর ইটপাটকেল নিক্ষেপ করা হয়। ঘটনার পর ছাত্রঐক্য নেতাকর্মীরা উপাচার্যের কাছে অবিলম্বে ক্লাস শুরু ও সন্ত্রাসীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গ্রহণের দাবিসম্বলিত স্মারকলিপি দেয়।

এরপর গণতান্ত্রিক ছাত্রঐক্য গুলিবর্ষণ ও বোমাবাজির প্রতিবাদে ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত একটি সমাবেশের মধ্য দিয়ে শেষ হয়।